

## নির্বাচনী পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন-২০২০

শ্রেণি- দশম

বিষয় : বাংলা ২য় পত্র (রচনামূলক)

বিষয় কোড:১০২

সময় : ২ ঘন্টা 30 মিনিট

পূর্ণমান-৭০

[ বিদ্র: ডান পাশ্বে সংখ্যা পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়।  
একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষা-রীতির মিশ্রণ দৃষ্ণীয়।]

১। যে কোন একটি বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো: ১০

ক) ডিজিটাল বাংলাদেশ

খ) কর্মমুখী শিক্ষা

২। ক) ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখো। ১০

অথবা

খ) সড়ক দুর্ঘটনা রোধকল্পে অভিমত জানিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

৩। ক) সারমর্ম লেখো: ১০

“বসুমতী, কেন তুমি এতই কৃপণা?

কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা।

দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস

কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?”

শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী,

“আমার গৌরব তাতে সামান্যই বাড়ে;

তোমার গৌরব তাহে একেবারেই ছাড়ে।”

অথবা

খ) সারাংশ লেখো:

শ্রমকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ কর। কালি-ধুলার মাঝে, রৌদ্র-বৃষ্টিতে কাজের ডাকে নেমে যাও। বাবু হয়ে ছায়ায় পাখার তলে থাকবার দরকার নেই। এ হচ্ছে মৃত্যুর আয়োজন। কাজের ভেতর কুবুদ্ধি কুমতলব মানবচিত্তে বাসা বাঁধতে পারে না। কাজে শরীরে সামর্থ্য জন্মে, স্বাস্থ্য, শক্তি, আনন্দ, স্মৃতি সকলই লাভ হয়। পরিশ্রমের পর যে অবকাশ লাভ হয় তা পরম আনন্দের অবকাশ। তখন কৃত্রিম আয়োজন করে আনন্দ করার কোনো প্রয়োজন হয় না। শুধু চিন্তার দ্বারা জগতের হিতসাধন হয় না। মানব সমাজে মানুষের সঙ্গে কাজে, রাস্তায়, কারখানায়, মানুষের সঙ্গে ব্যবহারে মানুষ নিজেকে পূর্ণ করে।

৪। যে কোন একটি ভাব-সম্প্রসারণ করো: ১০

ক) নানান দেশের নানান ভাষা

বিনা স্বদেশী ভাষা মিটে কি আশা?

খ) শৈবাল দিঘিরে বলে উচ্চ করি শির

লিখে রেখ এক ফোঁটা দিলেম শিশির।

৫। ক) মনে করো, তুমি দিনাজপুর জিলা স্কুলের ছাত্র। তোমার স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এর উপর ভিত্তি করে একটি প্রতিবেদন তৈরি করো। ১০

অথবা

খ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির কারণ ও প্রতিকার সম্বন্ধে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা কর।

৬। যে কোন ১টি বিষয়ে প্রবন্ধ রচনা করো: ২০

ক) বাংলাদেশের ঋতু বৈচিত্র্য

খ) তোমার প্রিয় কবি

গ) মানব কল্যাণে বিজ্ঞান